# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং-৫৩.০৩.০০০০.০৩২.১১.০০১.২৩. ১৬ তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৩

**বিষয়: বীমা কোম্পানিসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ/নবায়ন আবেদনের চেকলিস্ট।**

বীমা আইন, ২০১০ এর ৮০ ধারা এবং উক্ত ধারার অধীনে প্রণীত প্রবিধানমালা অনুযায়ী বীমা কোম্পানিসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে **নিয়োগ/ নিয়োগ নবায়ন** অনুমোদনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিম্নবর্ণিত 'চেকলিস্ট' অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি/দলিলাদি/প্রমাণকসহ সম্পূর্ণ প্রস্তাব কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার নির্দেশনা জারি করা হলো:

**(ক) বীমা কোম্পানিসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ আবেদনের চেকলিস্ট:**

১. বীমা কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান কর্তৃক প্রেরিত নিয়োগ সংক্রান্ত আবেদনপত্র;

২. প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পূর্নাঙ্গ জীবন বৃত্তান্ত;

৩. মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত প্রবিধানমালায় উল্লিখিত (অতিরিক্ত পেশাগত যোগ্যতাসহ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ছায়ালিপি;

৪. যে শ্রেণীর বীমা ব্যবসার জন্য আবেদিত অনুরূপ শ্রেণীর বীমা কোম্পানিতে প্রবিধানমালায় নির্ধারিত সকল কর্ম অভিজ্ঞতার (মুখ্য নির্বাহী কর্মকর্তার অব্যবহিত নিম্নপদের অভিজ্ঞতাসহ) প্রমাণকের সত্যায়িত ছায়ালিপি;

৫. প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি, সর্বশেষ কর বছরের আয়কর রিটার্ণ দাখিলের প্রাপ্তি স্বীকারপত্রের সত্যায়িত ছায়ালিপি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত Enquiry Form-1 এর পূরণকৃত মূলকপি;

৬. প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা সর্বশেষ যে বীমা কোম্পানিতে কর্মরত ছিলেন সে বীমা কোম্পানি কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রের সত্যায়িত ছায়ালিপি;

৭. মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগের সুপারিশ সম্বলিত পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণীর সত্যায়িত ছায়ালিপি;

৮. প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা ও বীমা কোম্পানির মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদিত চুক্তিপত্রের মূলকপি (চুক্তিপত্রের শর্তের মধ্যে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নিয়োগ কার্যকর হবে- এ বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে);

৯. প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক কোম্পানির সার্বিক কার্যক্রম পরিচালনার নিমিত্ত সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা;

১০. মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ সংক্রান্ত প্রবিধানমালায় বর্ণিত মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ লাভের অযোগ্যতার বিষয়সমূহসহ তিনি কোন বীমা প্রতিষ্ঠানের পরিচালক বা উদ্যোক্তা বা পরিচালকের পরিবারের সদস্য নন, এ মর্মে প্রদত্ত ৩০০/- টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারিকৃত হলফনামার মূলকপি;

১১. কোম্পানির গত তিন বছরের প্রিমিয়াম আয়, ব্যবস্থাপনা ব্যয়, অনিষ্পন্ন বীমা দাবীর সংখ্যা ও পরিমাণ, নীট আয় (মূলধনী আয় ব্যতীত), শেয়ার প্রতি আয় এবং কোম্পানির ক্রেডিট রেটিং সংক্রান্ত তথ্যাদি;

১২. লাইফ বীমা কোম্পানির ক্ষেত্রে তামাদি পলিসির সংখ্যা ও শতকরা হার এবং লাইফ ফান্ডের পরিমান সংক্রান্ত তথ্যাদি;

১৩. বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তার শূন্য পদে নিয়োগের লক্ষ্যে কমপক্ষে ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের ফটোকপি।

**(খ) বীমা কোম্পানিসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ নবায়ন আবেদনের চেকলিস্ট:**

১. বীমা কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান কর্তৃক প্রেরিত নিয়োগ নবায়ন সংক্রান্ত আবেদনপত্র;

২. প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি, সর্বশেষ কর বছরের আয়কর রিটার্ণ দাখিলের প্রাপ্তি স্বীকারপত্রের সত্যায়িত ছায়ালিপি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত Enquiry Form-1 এর পূরণকৃত মূলকপি;

৩. মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ নবায়নের সুপারিশ সম্বলিত পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণীর সত্যায়িত ছায়ালিপি;

৪. মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ সংক্রান্ত প্রবিধানমালায় বর্ণিত মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ লাভের অযোগ্যতার বিষয়সমূহসহ তিনি কোন বীমা প্রতিষ্ঠানের পরিচালক বা উদ্যোক্তা বা পরিচালকের পরিবারের সদস্য নন, এ মর্মে প্রদত্ত ৩০০/- টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারিকৃত হলফনামার মূলকপি;

৫. প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক কোম্পানির সার্বিক কার্যক্রম পরিচালনার নিমিত্ত সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা;

৭. প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা ও বীমা কোম্পানির মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদিত চুক্তিপত্রের মূলকপি (চুক্তিপত্রের শর্তের মধ্যে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নিয়োগ নবায়ন কার্যকর হবে- এ বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে);

৮. কোম্পানির গত তিন বছরের প্রিমিয়াম আয়, ব্যবস্থাপনা ব্যয়, অনিষ্পন্ন বীমা দাবীর সংখ্যা ও পরিমাণ, নীট আয় (মূলধনী আয় ব্যতীত), শেয়ার প্রতি আয় এবং কোম্পানির ক্রেডিট রেটিং সংক্রান্ত তথ্যাদি;

৯. লাইফ বীমা কোম্পানির ক্ষেত্রে তামাদি পলিসির সংখ্যা ও শতকরা হার এবং লাইফ ফান্ডের পরিমান সংক্রান্ত তথ্যাদি;

(গ) জারি করার তারিখ থেকে এ নির্দেশনা কার্যকর হবে এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ/নিয়োগ নবায়নের অসম্পূর্ণ আবেদন কর্তৃপক্ষ কর্তৃক বিবেচনা করা হবে না।

(ঘ) এ বিষয়ে কর্তৃপক্ষের ইতোপূর্বে প্রদত্ত সকল আদেশ/সার্কুলার বাতিল বলে গণ্য হবে।

১৫-০২-২০২৬

মইনুল ইসলাম
সদস্য (প্রশাসন)

<u>বিতরণ (কার্যার্থে):</u>

১. চেয়ারম্যান, সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানি;
২. মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানি।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, ১১৬ হোসাইন টাওয়ার, বক্স কালভার্ট রোড, নয়াপল্টন, ঢাকা;
২. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম, ৩৬ দিলকুশা বা/এ. ঢাকা-১০০০;
৩. সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৪. সহকারী পরিচালক, নেটওয়ার্ক, প্রশাসন অনুবিভাগ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. চেয়ারম্যান মহোদয়ের স্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য);
৭. অফিস কপি।

## (২) বীমাকারীর উপদেষ্টা নিয়োগ অনুমোদনের চেক লিস্ট

| ক্রমিক নং | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | প্রস্তাবিত উপদেষ্টাকে বীমাকারী কর্তৃক প্রদত্ত অফার লেটার; | |
| ২ | প্রস্তাবিত উপদেষ্টার ছবিসহ জীবনবৃত্তান্ত; | |
| ৩ | পরিচালনা পর্ষদ সভায় গৃহীত সিদ্ধান্তের সত্যায়িত কপি; | |
| ৪ | প্রস্তাবতি উপদেষ্টার সাথে বীমাকারীর চুক্তিপত্র; | |
| ৫ | শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি; | |
| ৬ | একই বীমা শ্রেণীতে বীমা ও প্রশাসনিক কাজরে অভিজ্ঞতার প্রমাণ; | |
| ৭ | নিম্ন বর্ণিত বিষয়ে হলফনামা:<br>(১) তিনি কোন বীমাকারীর উদ্যোক্তা/ পরচিালক বা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের উদ্যোক্তা/ পরচিালক নন;<br>(২) তিনি কোন ঋণ খেলাপী নন;<br>(৩) তিনি রাষ্ট্রীয় শৃঙ্খলা বিরোধী কোন কার্যকলাপে জড়িত নন;<br>(৪) তিনি দশের কোন আদালতে কোন অপরাধের জন্য দন্ডিত নন;<br>(৫) তিনি বা তার পরবিারের সদস্যদের নামে বীমাকারীর কোন এজেন্ট লাইসেন্স নেই;<br>(৬) তিনি অন্য কোন বীমাকারীর সাথে কোনভাবেই সংশ্লিষ্ট নন। | |
| ৮ | সিআইবি রিপোর্ট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য (বাংলাদশে ব্যাংক থকে নির্ধারিত ইনকোয়ারী ফর্ম ১ অনুযায়ী); | |
| ৯ | জাতীয় পরচিয়পত্ররে সত্যায়তি কপি; | |
| ১০ | আয়কর সংক্রান্ত তথ্যরে সত্যায়তি কপি;এবং | |
| ১১ | প্রস্তাবিত উপদেষ্টা পূর্বে কোন বীমা কোম্পানিতে দায়িত্ব পালন করলে বা চুক্তি সম্পন্ন করলে উক্ত বীমা কোম্পানির ছাড়পত্ররে সত্যায়িত কপি। | |

৯।১২।১৯

খলিল আহমদ
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

### (৩) বীমাকারীর ভূমি/দালান ক্রয় বিক্রয়ের অনুমোদনের চেক লিস্টঃ

| ক্রমিক নং | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | ভূমি/দালানকোঠা বা স্থাবর সম্পত্তি ক্রয়ের উদ্দেশ্যসহ ভূমি/দালানকোঠা বা স্থাবর সম্পত্তি ক্রয়ের বিষয়ে পরিচালনা পর্ষদের সভার সিদ্ধান্তের কপি; | |
| ২ | জমি, ভবন বা ফ্লোর স্পেসের তফসিল (বিস্তারিত ঠিকানা); | |
| ৩ | জমি, ভবন বা ফ্লোর স্পেসের পরিমাণ এবং প্রস্তাবিত মূল্য (জমির ক্ষেত্রে প্রতি কাঠা/শতাংশ এবং ফ্লোর স্পেসের ক্ষেত্রে প্রতি বর্গফুট হিসেবে); | |
| ৪ | সিএস/আরএস / এস এ খতিয়ান মোতাবেক মালিকানা ও নামজারীর বিবরণসহ প্রমাণ; | |
| ৫ | স্থানীয় সরকারের করসহ হালনাগাদ ভূমি উন্নয়নকর পরিশোধের প্রমাণ; | |
| ৬ | ভবন বা ফ্লোর স্পেসের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নক্সা; | |
| ৭ | প্রস্তাবিত ভূমি/ফ্লোর স্পেস/ ভবন বা স্থাবর সম্পত্তির রেজিস্ট্রেশন খরচ, ট্যাক্স এবং অন্যান্য খরচ সংক্রান্ত তথ্যাদি; | |
| ৮ | প্রস্তাবিত ভূমি/ফ্লোর স্পেস/ ভবন বা স্থাবর সম্পত্তির বিপরীতে কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কোন বন্ধকী ঋণ আছে কিনা সে সংক্রান্ত তথ্যাদি; | |
| ৯ | প্রস্তাবিত ভূমি/দালানকোঠা বা স্থাবর সম্পত্তি নিষ্কন্টক মর্মে সনদপ্রাপ্ত আইনজীবীর সনদপত্র; | |
| ১০ | ইতোপূর্বে কোম্পানি কর্তৃক ক্রয়কৃত ভূমি/ ভবন বা স্থাবর সম্পত্তির তালিকা, অবস্থান ও ব্যবহারের বিবরণসহ এর ক্রয় মূল্য এবং আনুমানিক বাজার মূল্য; | |
| ১১ | বিক্রেতার সাথে কোম্পানির কোন উদ্যোক্তা/পরিচালক এবং তাদের আত্মীয় স্বজনদের সম্পৃক্ততা আছে কিনা সে সম্পর্কে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র; | |
| ১২ | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বৈধ লাইসেন্সধারী ক্ষমতাপ্রাপ্ত ২ টি জরিপ প্রতিষ্ঠান কর্তৃক ভূমি/দালানকোঠা বা স্থাবর সম্পত্তির পরিমান, বর্তমান বাজার মূল্য এবং অবস্থানের বিবরণ (নকশাসহ) উল্লেখপূর্বক দুটি (০২) নিরপেক্ষ জরিপ প্রতিবেদন; | |
| ১৩ | ভূমি, ভবন বা ফ্লোর স্পেস ক্রয়ের অর্থের উৎস; | |
| ১৪ | ভূমি, ভবন বা স্পেস ক্রয়ের উদ্দেশ্য; | |
| ১৫ | বীমা গ্রাহকের দায়ের পরিমাণ:<br>(ক) বীমাকারীর অনিস্পন্ন বীমাদাবী (মৃত্যু দাবী, মেয়াদোত্তীর্ন দাবী এবং অন্যান্য দাবী) এর পরিমাণ;<br>(খ) লাইফ বীমাকারীর ক্ষেত্রে বীমাগ্রাহকের দায়ের পরিমাণ (পলিসি বোনাস সহ);<br>(গ) মোট বীমা গ্রাহকের দায় [(ক)+(খ)]; | |
| ১৬ | বীমাকারীর মোট বিনিয়োগের হিসাব(খাতওয়ারী); | |
| ১৭ | বীমাকারীর বর্তমান লাইফ ফান্ড/ রিজার্ভ ফান্ড/ বিনিয়োগযোগ্য অর্থের পরিমাণ; | |
| ১৮ | বীমাকারীর বিনিয়োগযোগ্য তহবিলের প্রাক্কলিত বিনিয়োগ আয়ের হিসাব। | |

খলিল আহমদ
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

## (৪) বীমাকারীর উদ্যোক্তা শেয়ার হোল্ডারদের শেয়ার ক্রয় বিক্রয় অনুমোদনের চেক লিস্ট

| ক্রমিক নং | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | শেয়ার হস্তান্তরকারী কর্তৃক বিক্রয়/হস্তান্তরের প্রস্তাবের কপি; | |
| ২ | শেয়ার গ্রহণকারী কর্তৃক ক্রয়/হস্তান্তরের প্রস্তাবের কপি; | |
| ৩ | শেয়ার হস্তান্তরের বিষয়ে অন্যান্য উদ্যোক্তাদের অনাপত্তি পত্র; | |
| ৪ | শেয়ার ক্রয় বিক্রয়ের বিষয়ে পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপি; | |
| ৫ | উদ্যোক্তার শেয়ার হস্তান্তরের জন্য ফরম-১১৭ সহ শেয়ার সার্টিফিকেটের সত্যায়িত কপি; | |
| ৬ | উদ্যোক্তার ডিমেট শেয়ারের ক্ষেত্রে বিও হিসাবের হিসাব বিবরণী; | |
| ৭ | শেয়ার হস্তান্তকারীর শেয়ার বিক্রয়/হস্তান্তরের কারণ; | |
| ৮ | শেয়ার হস্তান্তরকারীর এফিডেভিটের কপি; | |
| ৯ | শেয়ার গ্রহণকারীর সিআইবি রিপোর্ট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য (বাংলাদেশ ব্যাংক থকে নির্ধারিত ইনকোয়ারী ফর্ম- ১ অনুযায়ী); | |
| ১০ | কোম্পানি কর্তৃক শেয়ার হস্তান্তরের সনদপত্র; | |
| ১১ | শেয়ার গ্রহণকারীর জীবনবৃত্তান্তসহ এক কপি ছবি; | |
| ১২ | শেয়ার গ্রহণকারীর হলফনামা; | |
| ১৩ | শেয়ার গ্রহণকারীর জাতীয় পরিচয়পত্রের কপি; | |
| ১৪ | শেয়ার গ্রহণকারীর হালনাগাদ আয়কর পরিশোধের সনদ পত্র এবং সম্পদ বিবরণী আইটি-১০বি এর কপি; | |
| ১৫ | শেয়ার গ্রহণকারীর আয়ের উৎস; | |
| ১৬ | শেয়ার গ্রহণকারীর অন্যান্য শেয়ারের বিবরণ (যদি থাকে); | |

[নোট: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রাপ্তির পর কোম্পানি আইন ১৯৯৪ ও বীমাকারীর সংঘবিধির বিধান এবং তালিকাভুক্ত কোম্পানির ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সংশ্লিষ্ট আইন ও বিধি বিধান মোতাবেক শেয়ার হস্তান্তর করতে হবে। শেয়ার হস্তান্তরের পর বীমাকারী অবশ্যই কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।]

১১৫।১৭

খলিল আহমদ
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

### (৫) বীমাকারীর শাখা কার্যালয়ের অনুমোদনের চেক লিস্ট

| ক্রমিক নং | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | বীমাকারীর শাখা ও কার্যালয় স্থাপন (লাইসেন্স প্রাপ্তির আবেদন) প্রবিধানমালা ২০১২ এর প্রবিধি-৩ এ উল্লেখিত 'ফরম-ক' মোতাবেক আবেদন এবং উক্ত আবেদনে নিম্ন বর্ণিত তথ্যাদিঃ<br>(ক) পূর্বে স্থাপিত সকল শাখা ও কার্যালয় সংক্রান্ত তথ্যাদি;<br>(খ) পূর্বে স্থাপন করা হয়েছিল, কিন্তু পরবর্তীতে বন্ধ করা হয়েছে এ রূপ শাখা ও কার্যাদি সংক্রান্ত তথ্যাদি;<br>(গ) পূর্বে লাইসেন্স গ্রহণ করা হয়েছিল, কিন্তু স্থাপন করা হয়নি এ রূপ শাখা ও কার্যালয় সংক্রান্ত তথ্যাদি;<br>(ঘ) নতুন শাখা ও কার্যালয় স্থাপনের জন্য লাইসেন্স প্রাপ্তির আবেদন বা, ক্ষেত্রমত, আপীল বা না-মঞ্জুর সংক্রান্ত তথ্যাদি; | |
| ২ | প্রস্তাবিত শাখা ও কার্যালয়ের শাখা ব্যবস্থাপকের পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত; | |
| ৩ | শাখা ব্যবস্থাপকের শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি; | |
| ৪ | শাখা ব্যবস্থাপকের জাতীয় পরিচয় পত্রের কপি; | |
| ৫ | শাখা ও কার্যালয়ের অর্গানোগ্রাম ও কার্যপদ্ধতি; | |
| ৬ | শাখা কার্যালয় খোলার ক্ষেত্রে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালা বা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত; | |
| ৭ | প্রস্তাবিত শাখা কার্যালয়ের ভাড়া চুক্তি পত্রের কপি; | |
| ৮ | বীমাকারীর নিজস্ব ফ্লোর স্পেস বা ভবনে হলে সাফকাবালাসহ নামজারীর কপি; এবং | |
| ৯ | প্রস্তাবিত শাখা কার্যালয় খোলার জন্য নিম্ন বর্ণিত হারে ফি (উক্ত ফি এ উপর মূল্য সংযোজন কর আইন ১৯৯১ মোতাবেক ১৫% ভ্যাট সহ) পরিশোধের চেক/পে-অর্ডার<br>(ক) নন-লাইফ ইন্স্যুরেন্স এর ক্ষেত্রে ৫০,০০০/-<br>(খ) লাইফ ইন্স্যুরেন্স এর ক্ষেত্রে :<br>(অ) বিভাগীয় সদরে ১০,০০০/-<br>(আ) জেলা সদরে ৫,০০০/- এবং<br>(ই) অন্যান্য ক্ষেত্রে ১,০০০/- টাকা | |

৫/১২/১৭

খলিল আহমদ
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ